দৈনিক সংবাদ

16

NOV. 1 3 1999

তারিখ ... ... NOV. 1 4 1999..
পৃষ্ঠা ৭ কলাম ৬

সিনেট অধিবেশনে বাকবিতণ্ডা

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন ১৮ই ডিসেম্বর

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানের সময়সীমা নিয়ে গতকাল শুক্রবার অনুষ্ঠিত সিনেটের বিশেষ অধিবেশনে সদস্যদের মধ্যে তুমুল বাকবিতণ্ডা হয়েছে। অবশেষে উপাচার্যের বক্তব্যের পরিপ্রেক্ষিতে আগামী ১৮ই ডিসেম্বর শুধু একদিনব্যাপী সমাবর্তন অনুষ্ঠানের সিদ্ধান্ত হয়েছে।

সমাবর্তনকে সামনে রেখে ঢাকা সিনেটের বিশেষ অধিবেশন প্রায় দু'ঘণ্টা স্থায়ী হয়। এসময় সদস্যদের মধ্যে এক পক্ষ দুদিনব্যাপী অপরপক্ষ ১দিনব্যাপী অনুষ্ঠান করার পক্ষে জোরালো মতামত দেন। ফলে দুপক্ষের মধ্যে উত্তপ্ত বাক্যবিনিময় হয়। অবশেষে একদিনব্যাপী অনুষ্ঠান করার ব্যাপারে উপাচার্য সিদ্ধান্ত দেন।

উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে গতকাল বিকেলে এ অধি-

সমাবর্তন ঃ পৃঃ ১১ কঃ ৬

## সমাবর্তন ঃ ১৮ই ডিসেম্বর

(১ম পৃষ্ঠার পর)

বেশন শুরু হয়।

সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রের মাঠে সমাবর্তন অনুষ্ঠিত হবে। দুটি পর্বে এ অনুষ্ঠানের প্রথম পর্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নোবেল বিজয়ী অমর্ত্য সেনকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিশেষ সম্মাননা ডিগ্রি দেয়া হবে। প্রধান অতিথি হিসেবে থাকবেন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ। দ্বিতীয় পর্বে বিশ্ববিদ্যালয়ের পাস করে যাওয়া ছাত্রছাত্রীদের সার্টিফিকেট ও ডিগ্রি দেয়া হবে।

অনুষ্ঠানটির ধারাক্রম পরিচালিত হবে বাংলা ও ইংরেজি ভাষায়।